

■ Dhaka ■ Thursday ■ 18 April 2013

|| খাদ্য নিরাপত্তা ঝুঁকি মোকাবেলায় যুক্তরাষ্ট্র পাশে থাকবে: মজিনা

গাজীপুর প্রতিনিধি

বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ড্যান মজিনা বলেছেন, খাদ্য নিরাপত্তায় বাংলাদেশ আশাতীত সাফল্য অর্জন করেছে। এর রহস্য নিয়ে আমার প্রশ্ন ছিল। বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউট পরিদর্শন করে তার উত্তর পেলাম। তিনি আরো বলেন, খাদ্য নিরাপত্তায় বাংলাদেশ ঝুঁকিতে রয়েছে। আর এ ঝুঁকি মোকাবেলা ও খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে বাংলাদেশের পাশে থেকে কাজ করবে যুক্তরাষ্ট্র। বুধবার দুপুরে গাজীপুরে অবস্থিত বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউট (ব্রি) পরিদর্শন শেষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউটের (ব্রি) মহাপরিচালক ড. মো. সাইদুল ইসলামের সভাপতিত্বে সভায় আরো বক্তব্য রাখেন আন্তর্জাতিক ধান গবেষণা ইন্সটিটিউটে (ইরি) বাংলাদেশ প্রতিনিধি ড. টিমথি ডেভিড রাসেল, কৃষি মজিনা : পৃষ্ঠা ১৫ কলাম ৬

|| মজিনা : খাদ্য ||

(শেষ পৃষ্ঠার পর)

মন্ত্রণালয়ের যুগ্ম সচিব জমশের আহমেদ।

ব্রি পরিদর্শনকালে প্রতিষ্ঠানের মহাপরিচালক উচ্চ ফলনশীল ধানের জাতসহ বিভিন্ন লাগসই প্রযুক্তি উদ্ভাবন ও উন্নয়নের ক্ষেত্রে ব্রির অর্জন ও সাফল্য এবং জাতীয় অর্থনীতিতে এর অবদান সম্পর্কে মার্কিন রাষ্ট্রদূতকে অবহিত করেন। এ সময় তাকে ব্রির গবেষণা ল্যাবরেটরি ও খামারসহ কিছু গুরুত্বপূর্ণ স্থাপনা ঘুরে দেখানো হয়। মার্কিন রাষ্ট্রদূত সাম্প্রতিক গবেষণা ও উন্নয়ন বিষয়ে ব্রির বিজ্ঞানী ও কর্মকর্তাদের সঙ্গে প্রাণবন্ত আলোচনায়ও অংশ নেন। এতে অতিথিসহ ব্রির ১৮টি গবেষণা বিভাগের প্রধান, উর্ধ্বতন বিজ্ঞানী ও কর্মকর্তারা যোগ দেন।